

প্রাথমিক সমাপনী
পরীক্ষা হবে আট
সেট প্রশ্নে

২২ নভেম্বর পরীক্ষা শুরু

নিজস্ব প্রতিবেদক •

২২ নভেম্বর শুরু হচ্ছে প্রাথমিক ও
ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা।
মোট পরীক্ষার্থী ৩২ লাখ ৫৪ হাজার
৫১৪ জন। এবার প্রথমবারের মতো
দেশের ৬৪টি জেলাকে আটটি ভাগে
ভাগ করে আট সেট প্রশ্নে এই পরীক্ষা
নেওয়া হবে। এত দিন সারা দেশে এক
সেট প্রশ্নে পরীক্ষা নেওয়া হতো।

গতকাল বুধবার সচিবালয়ে
সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান
প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর
রহমান। তিনি বলেন, প্রাথমিক শিক্ষা
সমাপনী পরীক্ষায় পরীক্ষার্থী ২৯ লাখ
৪৯ হাজার ৬৩ জন। আর ইবতেদায়ি
শিক্ষা সমাপনী পরীক্ষায় পরীক্ষার্থী ৩
লাখ ৫ হাজার ৪৫১ জন। গেলবারের
চেয়ে এবার ১ লাখ ৯৮ হাজার
পরীক্ষার্থী বেড়েছে। এবার ছাত্রদের
চেয়ে ২ লাখ ৩৫ হাজার ৯৫৩ জন
ছাত্রী বেশি।

২৯ নভেম্বর এই পরীক্ষা শেষ
হবে। সংবাদ সম্মেলনে সাংবাদিকেরা
মন্ত্রীর কাছে জানতে চান, বিভিন্ন মহল
থেকে বলা হচ্ছে প্রাথমিক শিক্ষা
সমাপনী পরীক্ষা থাকা উচিত নয়। এ
বিষয়ে মন্ত্রীর অবস্থান কী? জবাবে
মন্ত্রী বলেন, জাতীয় শিক্ষানীতিতে
বলা আছে, প্রাথমিক স্তর হবে অষ্টম
শ্রেণি পর্যন্ত। যখন সেটা হবে, তখন
এই পরীক্ষা থাকবে কি না, সেটা
ভেবে দেখা হবে।